**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date : 03-07-2025** **Desk in Charge : S.M.**

**Time: 7.50 PM** **News Editor : NBR**

**DEO : KB** **NR : NBR**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ –

বিশেষ বিশেষ খবর –

১/ সাউথ ক্যালকাটা ল’ কলেজে ইউনিয়ান রুমে ছাত্রীর গণধর্ষণের ঘটনার প্রেক্ষিতে, রাজ্যের সব কলেজ-বিশ্ব বিদ্যালয়ের স্টুডেন্ট ইউনিয়ন রুম বন্ধ রাখতে উচ্চশিক্ষা দপ্তরকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২/ বিজেপির নতুন রাজ্য সভাপতি নির্বাচিত হয়েছেন রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য্য।

৩/ রাজ্য থেকে কাজে যাওয়া বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের ‘অনুপ্রবেশকারী’ অভিযোগে আটকে রাখার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকার, প্রতিবেশী ওড়িশা সরকারকে চিঠি দিয়েছে।

৪/ ২০২৪-২৫ অর্থবর্ষে ধান উৎপাদনে সর্বকালের রেকর্ড গড়েছে পশ্চিমবঙ্গ।

৫/ ‘ব্ল্যাক বেঙ্গল গোট’-এর সুস্বাদু মাংস যাতে আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করে সেই উদ্দেশ্যে রাজ্য সরকারের তরফে পুরুলিয়ায় বিশেষ প্রকল্প চালু করা হয়েছে।

৬/ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট, কালীঘাট স্পোর্টস লাভার্স এসোসিয়েশনকে হারিয়ে জয়ের পথে ফিরেছে।

**********************************************************************

সাউথ ক্যালকাটা ল' কলেজে ইউনিয়ান রুমে ছাত্রীর গণধর্ষণের ঘটনার পর, রাজ্যের সব কলেজ-বিশ্ব বিদ্যালয়ের স্টুডেন্ট ইউনিয়ন রুম বন্ধ রাখতে উচ্চ শিক্ষা দপ্তরকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

বিচারপতি সৌমেন সেন ও বিচারপতি স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চের নির্দেশ, কলেজ কর্তৃপক্ষ এব্যাপারে নজরদারি চালাবে। কোনো রকম বিনোদনের জন্য ওই ঘর ব্যবহার করা যাবে না। জরুরি কোনো প্রয়োজন হলে বিশ্ব বিদ্যালয়ের রেজিস্ট্রারের কাছে যথাযথ কারণ জানিয়ে লিখিত আবেদন করতে হবে।

উল্লেখ্য, আইনজীবী সায়ন বন্দ্যোপাধ্যায় রাজ্যের সব কলেজে ইউনিয়ন রুম বন্ধের আবেদন জানিয়ে মামলা দায়ের করেছেন। এর আগে উচ্চ শিক্ষা দপ্তর আগের একটি মামলায় হলফনামা দিয়ে আদালতে জানায়, রাজ্যের কোনো কলেজে ছাত্র সংসদ নির্বাচন হয়নি এবং স্টুডেন্ট কাউন্সিল'ও নেই। সেক্ষেত্রে কলেজে ইউনিয়ন রুম খোলা থাকার কোনো প্রয়োজন নেই।

অন্যদিকে অপর একটি মামলায়, ছাত্র সংসদের নির্বাচন নিয়ে রাজ্যের বক্তব্য জানতে চেয়েছে কলকাতা হাইকোর্ট। আগামী ১৬ জুলাই মধ্যে হলফনামা দিয়ে নির্বাচনের বিষয়ে রাজ্যের কি অবস্থান তা জানাতে নির্দেশ দেওয়া হয়েছে। ঐ একই বেঞ্চে আগামী ১৭'ই জুলাই ফের শুনানি।

রাজ্যের আইনজীবী সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায় সরকারের অবস্থান জানাতে কিছুটা সময় চেয়ে নেন।

***************************

ইউনিয়ন রুম বন্ধের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছে বিভিন্ন ছাত্র সংগঠন।

ABVP-র রাজ্য সম্পাদক অনিরুদ্ধ সরকার জানিয়েছেন, এই রায় শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে পড়াশোনার পরিবেশ ফিরিয়ে আনতে এক যুগান্তকারী পদক্ষেপ।

SFI-এর রাজ্য সম্পাদক দেবাঞ্জন দে জানিয়েছেন, হাইকোর্টের রায় যাতে সর্বত্র কার্যকর হয়, সেদিকে কড়া নজর রাখতে হবে।

***************************

রাজ্যের বিভিন্ন সরকার পোষিত কলেজের পরিচালন সমিতির মেয়াদ বাড়ানো হল

৬ মাস। যেসব কলেজের পরিচালন সমিতির মেয়াদ ৩০ শে জুন শেষ হয়েছে, সেগুলির মেয়াদ চলতি বছরের ৩১ ডিসেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে বলে উচ্চশিক্ষা দপ্তর বিজ্ঞপ্তি জারি করেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, কলেজগুলির প্রশাসনিক ব্যবস্থাপনা যাতে সুষ্ঠুভাবে চলতে পারে ও ছাত্র-ছাত্রীদের স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

****************************

২০১৬ সালে প্রাথমিকে ৩২ হাজার চাকরি বাতিল সংক্রান্ত মামলায় আজ  শুরু হয় কর্মরত শিক্ষকদের পক্ষে সওয়াল পর্ব। আইনজীবীদের যুক্তি, প্রায় ৪৩ হাজার শূন্য পদে প্রাথমিক শিক্ষা পর্ষদ যোগ্যতার ভিত্তিতেই নিয়োগ করেছে। শূন্য পদের বাইরে কোনো নিয়োগ করা হয়নি।

নিয়োগে ক্ষেত্রে রুল নাম্বার সেভেন মানা হয়নি বলে মামলাকারিরা যে অভিযোগ তুলেছিল, তার বিরুদ্ধে শিক্ষকদের পক্ষ থেকে জানানো হয়, প্রথমিক শিক্ষা পর্ষদ এই রুলের সংশোধন করেছে মাত্র। ইন্টারভিউ বোর্ডের পাশাপাশি একটি সেলেকশন কমিটি তৈরী করা যাবে বলে রুলেই জানানো হয়। ওই কমিটির সদস্যরাই ইন্টারভিউ এবং অ্যাপ্টিটিউড টেস্ট নিয়েছিল বলে রাজ্যের অ্যাডভোকেড জেনারেল ইতিমধ্যেই আদালতে জানিয়েছেন। তারপরেও কিসের ভিত্তিতে সিঙ্গল বেঞ্চ চাকরী বাতিলের নির্দেশ দিল, তা' বোধোগম্য নয় বলে শিক্ষকদের পক্ষের আইনজীবি অনিন্দ্য মিত্র জানান। আগামী ৭'ই জুলাই শিক্ষকদের পক্ষের আইনজীবি ফের তাঁর বক্তব্য পেশ করবেন। ঐদিন'ই মামলার পরবর্তী শুনানি।

****************************

রাজ্য থেকে তৃণমূল কংগ্রেসকে উৎখাত করতে বিজেপির সকল স্তরের কর্মী সমর্থক একযোগে লড়াই করবেন বলে নবনির্বাচিত রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য্য মন্তব্য করেছেন। আজ কলকাতার সায়েন্স সিটিতে দলের রাজ্য সভাপতি নির্বাচনের জন্য নিযুক্ত পর্যবেক্ষক প্রাক্তন কেন্দ্রয়ী মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ শমীক ভট্টাচার্য্যের নাম রাজ্য সভাপতি হিসাবে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেন। এদিন ভাষণে শমীকবাবু বলেন,

বিজেপি সংখ্যালঘু বিরোধী নয়, বরং দল চায় সমস্ত ধর্মীয় অনুষ্ঠান একসঙ্গে পালন করতে। রাজ্যে তৃণমূল কংগ্রেস সরকারের আমলে সবচেয়ে বেশি মুসলমানরাই ক্ষতিগ্রস্ত হয়েছেন বলে তিনি উল্লেখ করেন। পাশাপাশি 'নো ভোট টু বিজেপি' স্লোগানের আড়ালে তৃণমূল কংগ্রেসকেই ক্ষমতায় ফিরিয়ে আনার চক্রান্ত বিজেপি সফল হতে দেবে না বলেও জানিয়েছেন নতুন রাজ্য সভাপতি।

( বাইট- শমীক ৫.১০)

এর আগে কেন্দ্রীয় মন্ত্রী রবিশঙ্কর প্রসাদ অভিযোগ করেন, দেশ ক্রমশঃ উন্নতির দিকে এগিয়ে গেলেও, রাজ্যে মমতা ব্যানার্জীর শাসনকালে পশ্চিমবঙ্গ পিছিয়ে পড়েছে। মুখ্যমন্ত্রী নিজে লড়াকু নেত্রী হলেও, তাঁর আমলে মহিলারা সুরক্ষিত নয়। মালদা, মুর্শিদাবাদ, সন্দেশখালির ঘটনা উল্লেখ করে শ্রী প্রসাদ বলেন, অনুপ্রবেশ, সাম্প্রদায়িক বিভাজন ও ভোট ব্যাঙ্কের রাজনীতির কারণে সাধারণ মানুষের ওপর আক্রমণ চলছে।

প্রাক্তন রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানান, শমীক ভট্টাচার্য অভিজ্ঞ মানুষ। তাঁর নেতৃত্বেই ২০২৬ সালের বিধানসভা নির্বাচনে বিজেপি লড়াই করবে।

( বাইট- সুকান্ত )

****************************

জীবিকার জন্যে রাজ্য থেকে কাজে যাওয়া অনেক বাংলাভাষী পরিযায়ী শ্রমিকদের বাংলাদেশী অনুপ্রবেশকারী বলে আটকে রেখে তাদের হেনস্থা করার ঘটনায় উদ্বেগ প্রকাশ করে রাজ্য সরকার, প্রতিবেশী ওড়িশা সরকারকে চিঠি দিয়েছে। ওড়িশার মুখ্যসচিব মনোজ আহুজা কে আজ লেখা চিঠিতে এরাজ্যের মুখ্যসচিব মনোজ পন্থ অভিযোগ করেন, কোন আইনি প্রক্রিয়া ছাড়াই রাজ্যের উপকূলবর্তী পারাদ্বীপ, জগদীশপুর, কেন্দ্রাপাড়া, ভদ্রক, মালকানগিরি জেলায় বাংলার পরিযায়ী শ্রমিকরা আধার কার্ড, ভোটার কার্ড, রেশন কার্ড এর মত তাদের বৈধ পরিচয়পত্র দেখানো সত্ত্বেও তাদের আটকে রাখা হচ্ছে। অনৈতিকভাবে জমির পৈতৃক রেকর্ড চাওয়া হচ্ছে বলেও রাজ্য সরকারের দাবী। দেশের নাগরিকদের সুরক্ষা ও মর্যাদা দেওয়ার ক্ষেত্রে সংবেদনশীল এই বিষয়টিতে হস্তক্ষেপ করার জন্যে রাজ্য সরকারের

তরফে ওড়িশা সরকারকে আবেদন জানানো হয়েছে। এই ক্ষেত্রে রাজ্য সরকার তাদের সঙ্গে সব ধরনের সহযোগিতা করবে বলে জানিয়েছে।

এদিকে, ওড়িশার কটকে কাজে গিয়ে বাংলাদেশী সন্দেহে গত ৮'দিন ধরে আটকে থাকা মালদার হরিশ্চন্দ্রপুরের মশালদহ গ্রাম পঞ্চায়েতের ১৯ জন পরিযায়ী শ্রমিক গত সন্ধ্যায় বাড়ি ফিরেছেন।

****************************

সামাজিক মাধ্যমে উসকানিমূলক পোস্ট এবং ক্রমবর্ধমান সাইবার অপরাধ রুখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, কেন্দ্রের কাছে কঠোর ও কার্যকর আইন প্রণয়নের দাবি জানিয়েছেন। এই বিষয়ে পদক্ষেপ নেওয়ার অনুরোধ জানিয়ে তিনি কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে আজ চিঠি পাঠিয়েছেন। চিঠিতে মুখ্যমন্ত্রী জানান, ভুয়ো খবর, মিথ্যে ভিডিও এবং বিদ্বেষমূলক বক্তব্য সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ায় সমাজে অপরাধপ্রবণতা বাড়ছে, নষ্ট হচ্ছে শান্তি ও সামাজিক ঐক্য। এর সবচেয়ে বেশি প্রভাব পড়ছে মহিলা, শিশু, বৃদ্ধ ও আর্থিকভাবে দুর্বল মানুষদের উপর। চিঠিতে মমতা ব্যানার্জি লিখেছেন, সাইবার অপরাধ এখন আর শুধু তথ্যচুরি বা প্রতারণা নয়— এর পরিধি বেড়ে গিয়ে সমাজে গভীর মানসিক, সামাজিক ও আর্থিক সংকট তৈরি করছে। এই পরিস্থিতিতে বর্তমান আইন যথেষ্ট নয় বলে মুখ্যমন্ত্রী মনে করেন। পাশাপাশি ডিজিটাল মাধ্যমের অপব্যবহার এবং ভুয়ো খবর চেনার জন্য ডিজিটাল সাক্ষরতা, সচেতনতামূলক প্রচার বাড়ানোর উপর মুখ্যমন্ত্রী জোর দিয়েছেন।

****************************

২০২৪-২৫ অর্থবর্ষে ধান উৎপাদনে সর্বকালের রেকর্ড গড়েছে পশ্চিমবঙ্গ। এই রাজ্যে সর্বোচ্চ ২৫৬ দশমিক ৫/৩ লক্ষ মেট্রিক টন ধান উৎপাদন হওয়ায়, পশ্চিমবঙ্গ ফের দেশের মধ্যে শীর্ষস্থান দখল করেছে।

কৃষি দফতর সূত্রে জানা গিয়েছে, গত খরিফ মরশুমে রাজ্যে ১৮১ দশমিক ৩/৫ লক্ষ মেট্রিক টন ধান উৎপন্ন হয়েছে। ২০২৪ সালে ঘূর্ণিঝড়-দানা ও কয়েকটি জেলায় বন্যা পরিস্থিতির মধ্যেও এই রিমাণ উৎপাদন সম্ভব হয়েছে।

অন্যদিকে, বোরো মরশুমে উৎপন্ন হয়েছে ৭৫ দশমিক ১/৮ লক্ষ মেট্রিক টন। সব মিলিয়ে এ'বছর মোট ধান উৎপাদনের পরিমাণ ২০২১-২২ অর্থবর্ষে হওয়া ২৫৩ দশমিক ৬/৬ লক্ষ মেট্রিক টনের আগের রেকর্ডকেও ছাপিয়ে গিয়েছে।

****************************

ব্ল্যাক বেঙ্গল গোটের সুস্বাদু মাংস যাতে আন্তর্জাতিক স্বীকৃতি লাভ করে সেই উদ্দেশ্যে রাজ্য সরকারের তরফে পুরুলিয়ায় বিশেষ প্রকল্প চালু করা হয়েছে। এর ফলে শুধু মাংসের উৎপাদন হবে তাই নয়  কর্মসংস্থানও বাড়বে। রাজ্যের প্রাণী সম্পদ উন্নয়ন মন্ত্রী একথা জানিয়ে বলেন, দুধ ডিম মাংস ও মৎস্য উৎপাদনে পশ্চিমবঙ্গ এখন আগের থেকে অনেক এগিয়ে গেছে। পশু পালন ও মৎস্য  এই বিষয়টি এখন দেশে শিল্পের স্বীকৃতি পেয়েছে যা তা একটি বড় পাওনা।

(বাইট- স্বপন)

মার্চেন্ট চেম্বার অফ কমার্স এন্ড ইন্ডাস্ট্রির তরফে আজ কলকাতায় একটি সেমিনারের আয়োজন করা হয় সেখানে সভাপতি অমিত সরোগী জানান,প্রধান মন্ত্রী মৎস্য সম্পদ যোজনার সহায়তায় ২০৩০ সালের মধ্যে সারা দেশে মৎস্য উৎপাদন ২৫০ লক্ষ্য টন হবে , ডিমের উৎপাদনও উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে।  তিনি বলেন, দেশের মধ্যে এই রাজ্য অভ্যন্তরীন মৎস্য উৎপাদনে প্রথম স্থানে রয়েছে।

এদিকে, রাজ্যের মৎস্য মন্ত্রী বিপ্লব রায় চৌধুরী জানান, মাছের পোনা উৎপাদনে রাজ্য প্রথম স্থানে রয়েছে এবং ইতোমধ্যেই রাজ্যে অভয় পুকুর প্রকল্পের মাধ্যমে ৩৩ টি হারিয়ে যাওয়া প্রজাতির মাছ চাষ হচ্ছে।

****************************

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, প্লাস্টিক ব্যাগের পরিবেশগত ভয়াবহ পরিণতি সম্পর্কে সচেতন হওয়ার আহ্বান জানিয়েছেন। আন্তর্জাতিক প্লাস্টিক ব্যাগ মুক্ত দিবসে আজ এক বার্তায় রাজ্যপাল বলেন, প্লাস্টিক ব্যাগ সহজে নষ্ট হয় না। ফলে তা জমি ও জলে দূষণ সৃষ্টি করে। বাধাপ্রাপ্ত হয় নিকাশি ব্যবস্থা। সামুদ্রিক প্রাণী ও বাস্তুতন্ত্রের মারাত্মক ক্ষতির পাশাপাশি জলাশয়, নদী, সাগর ও আবর্জনার স্তূপে জমে থেকে শেষ পর্যন্ত প্রাণী ও মানুষের স্বাস্থ্যের ওপর প্রতিকূল প্রভাব ফেলে। পরিবেশ সংরক্ষণে প্লাস্টিক

ব্যাগের পরিবর্তে পরিবেশবান্ধব কাগজ, কাপড়, পাট বা টোট ব্যাগের ব্যবহার বাড়ানোর ওপর জোর দেন তিনি। বিভিন্ন জেলায় আজ এই উপলক্ষ্যে বিশেষ সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

***************************

কোচবিহারের মাথাভাঙ্গা ১ ব্লকের দুয়াইশুয়াই বাতানেরটারি এলাকায় দুই পরিবারের মধ্যে বিবাদকে কেন্দ্র করে সংঘর্ষের ঘটনায় একজনের মৃত্যু হয়েছে। জানান গেছে, তাপস ও পূর্ণিমা বর্মনের দাম্পত্য কলহের জেরে আজ সকালে দু বাড়ীর মধ্যে বচসা শুরু হয়। পরে তা সংঘর্ষের রূপ নেয়। লাঠির আঘাতে ঘটনাস্থলেই মৃত্যু হয় তাপসের বাবা বছর ৬০ এর দেবেশ্বর বর্মন। ঘটনায় আহত আরো ৬ জনকে মাথাভাঙ্গা মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়েছে। আটক করা হয়েছে উভয় পক্ষের ছয়জনকে।

***************************

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের ম্যাচে মোহনবাগান সুপার জায়ান্ট চার শূন্য গোলে কালীঘাট স্পোর্টস লাভারস্ এসোসিয়েশনকে হারিয়ে জয়ের পথে ফিরেছে। বিরতিতে মোহনবাগান ২-০ গোলে এগিয়ে ছিল। মোহনবাগানের পক্ষে সন্দীপ মালিক, পাসাং দর্জি, আদিল আবদুল্লাহ গোল করেছেন। অপর গোলটি আত্মঘাতি।

পুলিশ এসি- র কাছে হেরে মোহনবাগান এবারের লিগ অভিযান শুরু করেছিল।

চুঁচড়ায় রেলওয়ে এফ সি ২-১ গোলে পুলিশ এ সি-কে এবং কল্যাণীতে পাঠচক্র ২-০ গোলে জর্জ টেলিগ্রাফকে হারিয়ে দিয়েছে। উলুবেড়িয়ায় কালীঘাট MS ও কাস্টমসের খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে।

*****************************************************************